

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ পোশাক শিল্পের রপ্তানি চালানের শর্ট শিপমেন্ট সংক্রান্ত তথ্য বাংলাদেশ ব্যাংকের অনলাইনে হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস হতে প্রত্যয়নপত্র গ্রহণের জটিলতা নিরসন প্রসঙ্গে।

এতদ্বারা সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উল্লেখিত বিষয়ে বিদ্যমান জটিলতা নিরসনকল্পে বিজিএমইএ'র সম্মানিত প্রথম সহ-সভাপতি সৈয়দ নজরুল ইসলাম এর নেতৃত্বে বিজিএমইএ'র সহ-সভাপতি জনাব রাকিবুল আলম চৌধুরী সহ বিজিএমইএ'র নেতৃবৃন্দের একটি প্রতিনিধি দল ১৬/০৫/২০২৩ইং তারিখে কমিশনার, কাস্টম হাউজ, চট্টগ্রামের সাথে এক জরুরী বৈঠকে মিলিত হন।


কাস্টম হাউস, চট্টগ্রাম থেকে পোশাক শিল্পের শর্ট শিপমেন্ট সংক্রান্ত প্রত্যয়নপত্র সংগ্রহে বিভিন্ন অপ্রয়োজনীয় দলিলাদি দাখিলসহ বিদ্যমান জটিলতা নিরসনে কার্যক্রম সহজীকরণপূর্বক দ্রুততার সাথে সম্পাদনের জন্য বিজিএমইএ'র প্রতিনিধি দল কমিশনার মহোদয়কে অনুরোধ জানান। কমিশনার মহোদয় উক্ত বিষয়ে কার্যক্রম সহজীকরণপূর্বক দ্রুততার সাথে প্রত্যয়নপত্র প্রদানের জন্য সংশ্লিষ্ট যুগ্ম কমিশনার জনাব তফসির উদ্দিন ভূঁইয়া (প্রাইভেট আইসিডি) ও জনাব নাজিউর রহমান (ইপিজেড)-কে তাৎক্ষণিকভাবে নির্দেশনা প্রদান করেন।

উল্লেখিত সমস্যা সমাধানে সহায়তা প্রদানের নিমিত্তে অনিষ্পন্ন শর্ট শিপমেন্ট সংক্রান্ত সঠিক তথ্যের প্রয়োজন। সেই লক্ষ্যে উক্ত বিষয়ে এখনও পর্যন্ত যে সকল প্রতিষ্ঠানের শর্ট শিপমেন্ট সংক্রান্ত প্রত্যয়নপত্র কাস্টম হাউস, চট্টগ্রাম হতে নেয়া সম্ভব হয়নি সে বিষয়ে নিম্নোক্ত তথ্যাদি বিজিএমইএ'র চট্টগ্রামস্থ কার্যালয়ে আগামী ২৪/০৫/২০২৩ইং তারিখের মধ্যে ইমেইল info@bgmeactg.org -তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পোশাক শিল্প প্রতিষ্ঠানের নাম	বিল অব এক্সপোর্ট (শিপিং বিল)-এর সংখ্যা	সংশ্লিষ্ট প্রাইভেট আইসিডি/ ইপিজেড এর নাম	প্রত্যয়নপত্র প্রদানের জন্য দলিলাদি জমা দেয়ার তারিখ। সমস্যা/জটিলতা	প্রত্যয়নপত্র গ্রহণ সংক্রান্ত কার্যক্রমে সংশ্লিষ্টদের নাম, পদবী ও মোবাইল নং
১	২	৩	৪	৫	৬

উল্লেখ্য, উক্ত বিষয়ে আপনাদের প্রেরিত তথ্যাদির উপর ভিত্তি করে কার্যক্রম দ্রুত সম্পাদনে বিজিএমইএ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান
মহাসচিব